# Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 30 April, 2025

নেত্রকোণার দুর্গাপুর উপজেলায় গাছের ঢালে ঝুলন্ত অবস্থায় সুজিত সূত্রধর (২৮) নামে এক মানসিক ভারসাম্যহীন যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (৩০ এপ্রিল) দুর্গাপুর থানার ওসি মাহমুদুল হাসান ঘটনাটির সত্যতা নিশ্চিত করেছেন।

মৃত সুজিত সূত্রধর উপজেলার পূর্ব কাকৈরগড়া গ্রামের মৃত রমেশ সূত্রধরের ছেলে। পরিবারের সদস্য ও পুলিশ ধারণা করছে, গত মঙ্গলবার রাত ১০টা থেকে ১১টার মধ্যে সে আত্মহত্যা করে থাকতে পারেন।

পরিবার জানায়, মঙ্গলবার রাত ৮টার দিকে রাতের খাবার খেয়ে নিজ ঘরে ঘুমাতে যান সুজিত। পরবর্তীতে রাত গভীর হলে তাকে ঘরে না পেয়ে খোঁজ শুরু করেন পরিবারের সদস্যরা। একপর্যায়ে বসতঘরের উত্তর-পশ্চিম কোণে গাছের ঢালে গলায় রশি প্যাঁচানো অবস্থায় তার নিথর দেহ দেখতে পান তারা।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে সুরতহাল প্রতিবেদন তৈরি করে মরদেহ থানায় নিয়ে আসে।

ওসি মাহমুদুল হাসান জানান, প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলেই মনে হচ্ছে। মরদেহ ময়নাতদন্তের জন্য নেত্রকোণা আধুনিক সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।থানায় একটি অপমৃত্যু মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 11:33

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/7758071674